



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ই-মেইল : [pru.bhbfc@gmail.com](mailto:pru.bhbfc@gmail.com)

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএইচবিএফসি'র জাতীয় শোক দিবস পালন



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্যদিয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪-তম শাহাদাত বার্ষিকী পালন করে। এদিন ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ উপলক্ষে কর্পোরেশন এর কনফারেন্স রুমে এক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক দেবশীষ চক্রবর্তী দিবসটির তাৎপর্য তুলে ধরে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর আলোকপাত করেন। কর্পোরেশনের মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, সদর দফতরসহ ঢাকাস্থ জোনাল, রিজিওনাল ও শাখা অফিসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং বঙ্গবন্ধু পরিষদ, বঙ্গমাতা পরিষদ ও শ্রমিক লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে দুঃস্থদের মধ্যে খাদ্য বিতরণ করা হয়। এছাড়াও ঢাকার বাহিরে বিএইচবিএফসি'র সকল অফিসে জাতীয় শোক দিবস উপলক্ষে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।